

আপনি কি শেষ সময়সীমার মধ্যে কিন্ডারগার্টেন-এ ভর্তির আবেদন করতে পারেননি? আপনার সন্তানকে আজই অপেক্ষা-তালিকা বা ওয়েটলিস্টে যোগ করুন!

প্রিয় পরিবারবর্গ,

আপনি যদি কিন্ডারগার্টেনে ভর্তির আবেদনের শেষ সময়সীমা মিস করে থাকেন, আপনি এখনও আপনার সন্তানকে বিভিন্ন প্রোগ্রামের অপেক্ষা-তালিকায় যোগ করে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারেন! এটি করার উপায় হলো অনলাইনে [মাইস্কুলস্-এর মাধ্যমে](#)—কীভাবে করতে হবে, তা জানতে আমাদের “[আপনার সন্তানকে কীভাবে অপেক্ষা-তালিকায় যোগ করতে হবে](#)” ভিডিওটি দেখুন। অনুগ্রহ করে স্মরণ রাখবেন যে আপনি আর কিন্ডারগার্টেন G&T প্রোগ্রামগুলোতে আবেদন করতে অথবা আপনার সন্তানকে কিন্ডারগার্টেন G&T-এর অপেক্ষা-তালিকায় যোগ করতে পারবেন না।

এখনও কোনও [মাইস্কুলস্ অ্যাকাউন্ট নেই?](#) এটি তৈরি করা সহজ - কীভাবে করতে হবে, তা আমাদের “[কীভাবে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করতে হবে](#)” শিরোনামের ভিডিওটি দেখে জেনে নিন।

অনুগ্রহ করে জেনে রাখুন: আপনি যদি শেষ তারিখের মধ্যে আবেদন করে থাকেন, তাহলে সব ঠিক আছে! আপনাকে আর কিছু করতে হবে না - আপনার সন্তান বসন্তে (স্প্রিং) একটি কিন্ডারগার্টেন অফার পাবে।

আপনার কিন্ডারগার্টেনে ভর্তি সম্পর্কে কোনও প্রশ্ন অথবা সহায়তা প্রয়োজন আছে কি? আমাদের [ওয়েবসাইট](#) থেকে আরও জানুন, আমাদের 718-935-2009 নম্বরে ফোন করুন, অথবা একটি [ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে](#) যোগাযোগ করুন।

শুভেচ্ছান্তে,
এলিমেন্টারি স্কুল অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? আমাদের কিন্ডারগার্টেন-এ ভর্তি সংক্রান্ত ইমেইল লিস্ট বা তালিকায় নাম লেখাতে বা [সাইন আপ](#) করতে ভুলবেন না।

আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আপনি যদি কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবস্ক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।